



সৌদি আরবের রাষ্ট্রদূত ঙসা ইউসেফ ঙসা আল দুহাইলানের সম্মানে আইআইইউসি আয়োজিত নৈশভোজে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি সহ অন্যান্যরা

আইআইইউসির নৈশভোজে রাষ্ট্রদূত বাংলাদেশের সাথে সৌদি আরবের সম্পর্ক আত্মিক

সৌদি আরবের রাষ্ট্রদূত ঙসা ইউসেফ ঙসা আল দুহাইলানের সম্মানে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রামের (আইআইইউসি) পক্ষ থেকে রেডিসন ব্রুতে গত ১৮ জুন নৈশভোজের আয়োজন করা হয়।

এসময় আরো উপস্থিত ছিলেন, সৌদি অ্যাডেসির কনসোল জেনারেল মাজেদ সৌদ ডি আল সাঈফ, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিভাগীয় কমিশনার ড. মো. আমিনুর রহমান, জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান, বিএসআরএম-এর চেয়ারম্যান আলী হুসাইন আকবর আলী, দৈনিক পূর্বকোণের প্রকাশক ও পরিচালনা সম্পাদক জসিম উদ্দিন চৌধুরী, আইআইইউসির বোর্ড ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, প্রফেসর ইঞ্জিনিয়ার ড. রশিদ আহমেদ চৌধুরী, মোহাম্মদ খালেদ মাহমুদ, প্রফেসর ড. ফসিউল আলম, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার।

এসময় রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশের সাথে সৌদি আরবের শুধু ওমরাহ, হজ বা ভিসার সম্পর্ক নয়। এ সম্পর্ক আত্মিক, মানবিক, সামাজিক, ধর্মীয়, রাষ্ট্রীয় ও ঐতিহ্যগত সম্পর্ক। যা ভবিষ্যতেও অটুট থাকবে। সৌদি আরবে বাঙালিদের ব্যাপক কর্মসংস্থান ও প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনের সুযোগ রয়েছে। তিনি বাংলাদেশের উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বাংলাদেশে সৌদি আরবের বিনিয়োগ সম্ভাবনার কথা উল্লেখ করেন। প্রেস বিজ্ঞপ্তি।



আইআইইউসির পক্ষ রেডিসন ব্লু-হোটেলে সৌদি রাষ্ট্রদূতের সম্মানে নৈশভোজে অতিথিবৃন্দ

সৌদি রাষ্ট্রদূতের সম্মানে রেডিসন ব্লুতে নৈশভোজ আয়োজন আইআইইউসির

সৌদি আরবের রাষ্ট্রদূতের আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এ আগমনে রাষ্ট্রদূতের সম্মানে আইআইইউসির পক্ষ থেকে নগরীর রেডিসন ব্লু-হোটেলে গত ১৮ জুন নৈশ ভোজের আয়োজন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ঈসা ইউসেফ ঈসা আল দুহাইলান, সৌদি এম্বেসির কনসাল জেনারেল মাজেদ সৌদ ডি আল সাদ্দিফ, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, আইআইইউসি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিভাগীয় কমিশনার ড. মো. আমিনুর রহমান, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান, বাংলাদেশ স্টিল রি-রোলিং মিল এর চেয়ারম্যান আলী হুসাইন আকবর আলী, দি পূর্বকোণ লিমিটেডের চেয়ারম্যান জসিম উদ্দিন চৌধুরী, আইআইইউসির বোর্ড ট্রাস্টিজের ভাইস-চেয়ারম্যান

প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজ সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান প্রফেসর ইঞ্জিনিয়ার ড. রশিদ আহমেদ চৌধুরী, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজ সদস্য ও মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভার্টাইজম্যান্ট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ খালেদ মাহমুদ, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজ সদস্য প্রফেসর ড. ফসিউল আলম, আইআইইউসির ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্টার এ এফ এম আখতারুজ্জামান কায়সার।

উপস্থিত ড. আবু রেজা নদভী এমপি সহ চট্টগ্রামের বিভাগীয় কমিশনার ও ব্যবসায়ী নেতৃবৃন্দ সৌদি রাষ্ট্রদূতের কাছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ থেকে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশে উন্নীতকরণের যে পরিকল্পনা সেসব বিষয়ে আলোকপাত করেন। এ সময় বিভিন্ন গুরুত্বপূর্ণ সরকারি দপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি